



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.৬০

তারিখ: ২৫ মাঘ ১৪৩০

০৮ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ-এ দায়েরকৃত (রিট পিটিশন নং-১২৫১০/২০২৩) মামলা পরিচালনা।

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়-এর স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৩.০৪.০০৯.২৪.১২, তারিখ: ১৭ জানুয়ারি ২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আইন-৪ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় হতে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১২৫১০/২০২৩ মামলায় সরকারের স্বার্থ রক্ষায় সরকারপক্ষে প্রতিদ্বন্দ্বিতার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ সার্বিক আইনানুগ কার্যক্রম গ্রহণ করে গৃহীত কার্যক্রম সম্পর্কে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আইন অনুবিভাগকে অবহিতকরণের জন্য অনুরোধ জানানো হয়েছে।

০২। জনাব মুহাম্মাদ নুরুজ্জামান, প্রভাষক (বাংলা বিভাগ), হাজিরহাট উপকূল কলেজ (সদ্য সরকারিকৃত), কমলনগর, লক্ষ্মীপুর-কে আত্মীকরণ না করায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়সহ মোট ০৯(নয়) জনকে বিবাদী করে রিট পিটিশন নং-১২৫১০/২০২৩ মামলাটি দায়ের করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-১২৫১০/২০২৩ সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক মামলাটি ডাটাবেইজে এন্ট্রি করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

৮-২-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর


ইমেইল: law.section1@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.৬০/১(৪)

তারিখ: ২৫ মাঘ ১৪৩০
০৮ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সহকারী সচিব, আইন-৪ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৮-২-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব